

Times Today BD

ডেস্ক রিপোর্ট | ঢাকা | 10 April, 2025

নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ে ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আশিকুর রহমান (৩০) নামে একজন আত্মহত্যার খবর পাওয়া গেছে।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) দুপুর বারো টায় শেখ হাসিনা বার্ন ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় উপজেলার দড়িগাঁও এলাকায় মোশাররফ হোসেনের মেঝে ছেলে সন্তুপুরা ইউনিয়ন আওয়ামী যুবলীগের ইউনিয়ন শাখার সাধারণ সম্পাদক আশিকুর রহমান (৩০) মারা যান।

স্থানীয় এলাকাবাসী জানান, পারিবারিক কলহের জেরে মাদকাসক্ত হয়ে পরে আশিক। এমতাবস্থায় গত ৮ এপ্রিল মঙ্গলবার নিজ বসত ঘরে নিজের শরীরে কেরোসিন তেল ঢেলে আগুন লাগিয়ে দেন। মারাত্মক আহত অবস্থায় উদ্ধার করে তার আত্মীয় স্বজন এবং প্রতিবেশীরা তাকে জাতীয় বার্ন ইউনিট এন্ড প্লাস্টিক সার্জারি হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করেন। চিকিৎসাধীন অবস্থায় আজ ১০/০৪/২০২৫ খ্রি: তারিখ বেলা অনুমান ১১.০০ ঘটিকার সময় মৃত্যুবরণ করেন। নিহত আশিক যুবলীগের রাজনীতির সাথে যুক্ত ছিলেন বলে জানা যায়।

সোনারগাঁও থানার অফিসার ইনচার্জ মো: মফিজুর রহমান বলেন, "যুবলীগ নেতা আশিকুর রহমান ৩দিন আগে শরীরে আগুন দিলে তাকে জাতীয় বার্ন ইউনিট এন্ড প্লাস্টিক সার্জারি হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করার পর চিকিৎসাধীন অবস্থায় আজ মারা গেছে।

যুবলীগ আত্মহত্যা শেখ হাসিনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 04:42

URL: <https://timestodaybd.com/dhaka/55194573>